# Times Today BD

শরিফুল ইসলাম | ঢাকা | 16 April, 2025

গাজীপুরের কাপাসিয়া ও কালীগঞ্জ উপজেলায় বজ্রপাতে দুই কৃষকের মৃত্যু হয়েছে।বুধবার দুপুরে ঝড়ো হাওয়া ও বৃষ্টিপাতের সময় তাদের মৃত্যু হয়।

নিহতরা হলেন, কাপাসিয়া উপজেলার ভূলেশ্বর এলাকার মৃত আব্দুল আওয়ালের ছেলে কৃষক ইফাজ উদ্দিন (৬৫) ও কালীগঞ্জ উপজেলার টেক মানিকপুর এলাকার রজব আলীর ছেলে শুকুর আলী।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, বুধবার দুপুরে কাপাসিয়ার ভূলেশ্বর গ্রামের ইফাজ উদ্দীন গরু আনতে মাঠে যান।এসময় হঠাৎ বজ্রপাতে তিনি গুরুতর আহত হন।তাকে উদ্ধার করে স্থানীয় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

কাপাসিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ আবদুল বারিক বলেন, দুপুরে  ইফাজ উদ্দীন গরু আনতে মাঠে গিয়ে বজ্রপাতে গুরুতর আহত হন।এলাকাবাসি তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।পরে স্বজনরা তার মরদেহ নিজ বাড়িতে নিয়ে যান।

এদিকে, কালীগঞ্জ উপজেলার তুমুলিয়া ইউনিয়নের টেক মানিকপুর এলাকার কৃষক শুকুর আলী দুপুর ১ টার দিকে মাঠে কাজ করতে যান । এসময় বজ্রপাতে ঘটনাস্থলে তিনি মারা যান।

কালীগঞ্জে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. আলাউদ্দিন আলী বলেন, কৃষক শুকুর আলী দুপুর মাঠে কাজ করছিলেন।এসময় বজ্রপাতে ঘটনাস্থলে তিনি মারা যান।

বজ্রপাত কৃষক মৃত্যু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:56

URL: https://www.timestodaybd.com/dhaka/930923607